সুসন্তান গড়ার দিকদর্শন

সিরিজ ৫

ঈমানের বীজ



আমজাদ হুসাইন ভুঁইয়া

amzadinsight

সুসন্তান গড়ার দিকদর্শন · সিরিজ ৫

ঈমানের বীজ

সন্তানের হৃদয়ে বিশ্বাসের শিকড় গাঁথার পথ

মা-বাবা, অভিভাবক ও শিক্ষকদের জন্য

আমজাদ হুসাইন ভুঁইয়া

amzadinsight

www.amzadinsight.com

সূচিপত্র

ভূমিকা ৬

প্রথম পর্ব: ভিত গাঁথার দায়িত্ব

বুকে রাখা আমানত ১০

পূর্বসূরিদের পাঠশালা ১৪

ঈমানি শিক্ষা বলতে কী বোঝায় ১৮

প্রথম কথা: লা ইলাহা ইল্লাল্লাহ ২১

সাত বছরে জায়নামাজ ২৪

রাসুলের ভালোবাসা, কুরআনের সুর ২৭

দ্বিতীয় পর্ব: ফিতরা রক্ষা, ঈমানের চর্চা

প্রতিটি শিশু ফিতরায় জন্মায় ৩৩

সৃষ্টির পাতায় স্রষ্টার চিহ্ন ৩৭

বিনয়ী হৃদয়, ভেজা চোখ ৪১

তিনি দেখছেন ৪৫

ঈমানহীন শিক্ষার শূন্যতা ৫০

শেষ কথা ৫৫

পাঠকের প্রতি ৫৬

ভূমিকা

একটি আমের আঁটি মাটিতে পুঁতে দিলে প্রথম কয়েক দিন কিছুই চোখে পড়ে না। তারপর একদিন মাটি ফুঁড়ে বের হয় দুটি কচি পাতা। সেই কচি চারা একদিন বিশাল গাছ হয়, ছায়া দেয়, ফল দেয়, ঝড়েও মাথা নোয়ায় না। কিন্তু গাছটি কতটা শক্ত হবে, তা ঠিক হয়ে যায় শুরুর দিনগুলোতেই, যখন শিকড় মাটির গভীরে নামতে শুরু করে।

সন্তানের ঈমানও ঠিক এমন। শৈশবে যে বিশ্বাসের বীজ বোনা হয়, সেটাই একদিন তার জীবনের শিকড় হয়ে ওঠে। যে শিশু ছোটবেলা থেকে আল্লাহকে চিনেছে, তাঁকে ভালোবেসেছে, তাঁর নজরদারি অনুভব করেছে, সে বড় হয়ে সংশয়ের ঝড়ে, প্রলোভনের টানে আর কুযুক্তির ধাক্কায় সহজে টলে না।

আজকের সন্তানেরা এমন এক পৃথিবীতে বড় হচ্ছে, যেখানে হাতের মোবাইলেই পৌঁছে যায় নাস্তিকতার প্রচারণা, ধর্ম নিয়ে ঠাট্টা আর জীবনকে শুধু ভোগের উপকরণ ভাবার শিক্ষা। এই সময়ে সন্তানের হৃদয়ে ঈমানের শিকড় মজবুত করা আর শুধু একটি ভালো কাজ নয়, এটি মা-বাবার সবচেয়ে বড় দায়িত্ব।

বইটি "সুসন্তান গড়ার দিকদর্শন" সিরিজের পঞ্চম বই। আগের বইয়ে আমরা দেখেছি, সন্তান কেন বিপথে যায়। এবার দেখব, কীভাবে তার হৃদয়ে এমন বিশ্বাস গড়ে তোলা যায়, যা তাকে সারাজীবন পথ দেখাবে। প্রথম পর্বে আছে মা-বাবার দায়িত্ব আর রাসুল ﷺ-এর দেখানো ঈমানি শিক্ষার মূল ধাপগুলো। দ্বিতীয় পর্বে আছে সন্তানের স্বভাবজাত বিশ্বাস রক্ষা, সৃষ্টির মধ্যে স্রষ্টাকে চেনানো, বিনয় আর আল্লাহর নজরদারির অনুভূতি জাগানোর পথ।

এই সিরিজের চিন্তার ভিত্তি গড়ে উঠেছে শাইখ আবদুল্লাহ নাসিহ উলওয়ান রহিমাহুল্লাহর প্রসিদ্ধ গ্রন্থ «তারবিয়াতুল আওলাদ ফিল ইসলাম»-এর আলোকে। তবে এটি সেই বইয়ের অনুবাদ নয়। আলোচনা সাজানো হয়েছে নিজের মতো করে, আজকের বাংলাদেশি পরিবারের বাস্তবতা মাথায় রেখে। তাই এই বইয়ের উপস্থাপনা,

ব্যাখ্যা আর সমকালীন সংযোজনের সব দায় সম্পূর্ণভাবে বর্তমান লেখকের, মূল গ্রন্থের সম্মানিত লেখকের নয়।

আমজাদ হুসাইন ভুঁইয়া

amzadinsight

প্রথম পর্ব

ভিত গাঁথার দায়িত্ব

মা-বাবার আমানত, পূর্বসূরিদের দৃষ্টান্ত আর রাসুল ﷺ-এর দেখানো
ঈমানি শিক্ষার প্রথম ধাপগুলো

amzadinsight

amzadinsight

১

অধ্যায়

বুকে রাখা আমানত

> *সন্তান আল্লাহর দেওয়া আমানত। আর প্রতিটি আমানতের হিসাব একদিন দিতেই হবে।*

ইসলাম যেসব দায়িত্বকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে, তার একটি হলো সন্তানের শিক্ষা, দিকনির্দেশনা আর প্রতিপালনের দায়িত্ব। এটি সত্যিই এক বিশাল, কঠিন আর গুরুত্বপূর্ণ দায়িত্ব। কারণ এর শুরু জন্মের দিন থেকে, আর চলে বুঝতে শেখার বয়স, কৈশোর পেরিয়ে প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত।

যিনি সন্তানের দায়িত্বে আছেন, তিনি শিক্ষক হোন বা বাবা, মা হোন বা সমাজের কোনো অভিভাবক, যখন এই দায়িত্ব আমানতদারি, দৃঢ়তা আর ইসলামের চাওয়া অনুযায়ী পালন করেন, তখন তিনি একজন পূর্ণাঙ্গ মানুষ গড়ার জন্য সর্বোচ্চ চেষ্টা করলেন। এর মাধ্যমে তিনি একটি নেক পরিবার গড়লেন, আর জেনে বা না জেনে একটি আদর্শ সমাজ গড়ার কাজে অংশ নিলেন। ইসলামের সংস্কারের পথ এটাই: নেক মানুষ থেকে নেক পরিবার, আর নেক পরিবার থেকে নেক সমাজ।

কুরআনের আহ্বান

কুরআনের আয়াত আর রাসুল ﷺ-এর হাদিস খুঁজলে দেখা যায়, অভিভাবকদের এই দায়িত্ব পালনে কত জোর দেওয়া হয়েছে, আর অবহেলার জন্য কত কঠোর সতর্ক করা

হয়েছে। এর সংখ্যা গুনে শেষ করা কঠিন। তার কয়েকটি:

"তোমার পরিবারকে নামাজের আদেশ দাও আর নিজেও তাতে অবিচল থাকো।" (সূরা তোয়াহা, আয়াত ১৩২)

"হে ঈমানদারগণ, তোমরা নিজেদের আর তোমাদের পরিবারকে আগুন থেকে রক্ষা করো।" (সূরা তাহরিম, আয়াত ৬)

"তোমরা যা করতে, সে সম্পর্কে অবশ্যই তোমাদের জিজ্ঞেস করা হবে।" (সূরা নাহল, আয়াত ৯৩)

"আল্লাহ তোমাদের সন্তানদের ব্যাপারে তোমাদের নির্দেশ দিচ্ছেন।" (সূরা নিসা, আয়াত ১১)

"মায়েরা তাদের সন্তানদের পূর্ণ দুই বছর দুধ পান করাবে।" (সূরা বাকারা, আয়াত ২৩৩)

"...আর তারা নিজেদের সন্তানদের হত্যা করবে না।" (সূরা মুমতাহিনা, আয়াত ১২)

"আর তাদের থামাও, তাদের জিজ্ঞাসাবাদ করা হবে।" (সূরা সাফফাত, আয়াত ২৪)

রাসুল ﷺ-এর বাণী

"পুরুষ তার পরিবারের দায়িত্বশীল আর তাকে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞেস করা হবে। নারী তার স্বামীর ঘরের দায়িত্বশীল আর তাকে তার দায়িত্ব সম্পর্কে জিজ্ঞেস করা হবে।" (বুখারি ও মুসলিম)

"কোনো ব্যক্তির নিজের সন্তানকে আদব শেখানো এক সা (প্রায় আড়াই কেজি) পরিমাণ সদকা করার চেয়ে উত্তম।" (তিরমিজি)

"কোনো বাবা তার সন্তানকে সুন্দর আদবের চেয়ে উত্তম কিছু দান করেননি।" (তিরমিজি)

"তোমাদের সন্তান আর পরিবারকে কল্যাণ শেখাও, আর তাদের আদব শেখাও।" (আবদুর রাজ্জাক ও সাইদ ইবনে মানসুর)

পুরো বইটি পড়তে চান?

এই অংশে আপনি পড়লেন বইয়ের শুরুটুকু। সামনে আছে হালাল-হারামের পাঠ, সাত বছরে নামাজ, রাসুল ﷺ-এর ভালোবাসা, ফিতরা রক্ষা, সৃষ্টির মধ্যে স্রষ্টাকে চেনা, খুশু আর আল্লাহর নজরদারির অনুভূতি।

amzadinsight

www.amzadinsight.com